তারিখ ... 28 JAN 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ......

# স্কুলে অতিরিক্ত ফি ও ভর্তি বাণিজ্যে আইনগত ব্যবস্থা

## ——— দুদক চেয়ারম্যান

■ **নারায়ণগঞ্জ প্রতিনিধি**

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যাতে অতিরিক্ত ফি আদায় বা ভর্তি বাণিজ্য না হয় সেজন্য দুদকের টিম গঠন করা হয়েছে। যেসব স্কুলের বিরুদ্ধে অভিযোগ রয়েছে সেগুলোকে পর্যবেক্ষণ করা হচ্ছে। সব স্কুলে ভর্তি প্রক্রিয়া শেষ হলে যাদের নামে অতিরিক্ত ফি আদায় ও ভর্তি বাণিজ্যের অভিযোগ প্রমাণিত হবে তাদের বিরুদ্ধে, আইনগত ব্যবস্থা নেওয়া হবে। গতকাল শুক্রবার সন্ধ্যায় নারায়ণগঞ্জ শহরের ভূঁইয়ারবাগে বিদ্যানিকেতন হাইস্কুলের ১০ বছর পূর্তি উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে দুদক চেয়ারম্যান এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের সবচেয়ে বড় সমস্যা এখন শিক্ষার সমস্যা। স্কুল-কলেজে অবকাঠামোর সমস্যা অনেকটাই সমাধান করা গেছে। কিন্তু যে সমস্যা প্রকট সেটি হচ্ছে স্কুল-কলেজে স্ব-শিক্ষিত মানুষ তৈরি হচ্ছে না। জিপিএ ৫ বা গ্রেড শিক্ষা নয়। তিনি বলেন, এদেশে এইচএসসি, ডিগ্রি, মাস্টার্স পাস লোকের অভাব নেই। কিন্তু শিক্ষিত মানুষের অভাব। অনেক শিক্ষিত মানুষ ঘুরে কিন্তু চাকরি পায় না। কারণ তারা যা শিখেছে তা তারা নিজের জীবনে কাজে লাগাতে পারে না।

বিদ্যানিকেতন হাইস্কুল পরিচালনা পরিষদের সভাপতি কাশেম হুমায়ুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দুদকের মহাপরিচালক ড. সামছুল আরেফিন, নারায়ণগঞ্জের জেলা প্রশাসক রাব্বি মিয়া ও স্কুলের পরিচালনা পরিষদের সদস্য সচিব দেলোয়ার হোসেন চুন্নু। দুদকের চেয়ারম্যান এর আগে স্কুলের ডিজিটাল বোর্ড পরিদর্শন করেন।